গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

# National Technical Regulatory Committee (NTRC) এর ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এ.টি.এম. মোস্তফা কামাল<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ঃ | ১৮-১০-২০২২খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা |
| সভাস্থল | ঃ | কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এর সভা কক্ষ |
| উপস্থিতি | ঃ | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা (পরিশিষ্ট"ক")। |

সভাপতি, NTRC সভার শুরুতে উপস্থিত অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান এবং সদস্য সচিব পরিচালক, কৃত্রিম প্রজননকে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান করেন।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং সর্ব সম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন/ নবায়ন এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ সভায় মাঠ পর্যায়ে অনুমোদিত জাতের কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ মেনে চলার জন্য কৃত্রিম প্রজনন দপ্তর এবং বেসরকারী সংস্থার নিজ উদ্যোগে কর্মশালা আয়োজন করে এআই কর্মী এবং খামারীদের অবহিত করাসহ তা বাস্তবায়নে শতভাগ কার্যকরী করার বিষয়ে মত প্রকাশ করেন।

৪। ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার, পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা সরকারী এবং বেসরকারী সংস্থার সকল কৃত্রিম প্রজনন কর্মীদের নিয়ে উপজেলা পর্যায়ে মাসে কমপক্ষে একটি সভা করা উচিত বলে সভায় মত প্রকাশ করেন, যাতে কৃত্রিম প্রজননের মাধ্যমে জাত উন্নয়নের কার্যক্রম আরো গতিশীল করা সম্ভব হয়। মাঠ পর্যায় হতে প্রায়ই হরমোনের অপব্যবহার করার বিষয়ে বেসরকারী সংস্থার কৃত্রিম প্রজনন কর্মীদের অভিযুক্ত করা হয় যা নিরসনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ জরুরী বলে তিনি মত প্রকাশ করেন।

৫। ডাঃ মোঃ আব্দুল আজিজ আল মামুন, পরিচালক, সম্প্রসারণ সভায় উল্লেখ করেন, প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে সরকারী ও বেসরকারী সংস্থার কৃত্রিম প্রজনন কর্মীদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের মোট ১১ টি প্রতিষ্ঠান ব্যবহার করা উচিত। তিনি প্রতিটি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের দপ্তরে এবং ইউনিয়ন পর্যায়েও দৃশ্যমান স্থানে "কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯" সেবা মূল্য তালিকা টাঙানোর উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

৬। ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক, এসিআই এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, ভ্রূণ স্থানান্তর বিষয়ে এসিআই কারিগরি জনবলের উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা করেছে এবং বুল মাদার হার্ডে সেটি বাস্তবায়ন করা হবে।

৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা জানান, উট যেহেতু আমাদের পরিবেশের উপযোগী নয় তাই উট আমদানি করা থেকে বিরত থাকা প্রয়োজন।

৮। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা বিগত সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নতুন কোন বেসরকারী সংস্থার কনসেপ্ট পেপার/ প্রপোজাল ব্যতীত কার্যক্রম শুরু না করার উপর গুরুত্ব আরোপ করেন এবং এই সিদ্ধান্তটি বহুল প্রচার করা আবশ্যক মর্মে মত প্রকাশ করেন।

৯। ড.এ.বি.এম খালেদুজ্জামান, পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা বলেন আরসিসিকে নতুন জাত হিসেবে স্বীকৃতি দেয়ার পর জিআই পণ্য হিসেবে নিবন্ধন গ্রহণের উদ্যোগ নেয়া জরুরী।

১০। ড. মোঃ গোলাম আজম, পিএসও, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা সভায় উল্লেখ করেন, প্রত্যয়নের জন্য উপস্থাপিত অথবা বুল স্টেশনে প্রতিপালিত সকল প্রাণীর কানের ট্যাটু ও ট্যাগ থাকা বাধ্যতামূলক করা দরকার এবং মাঠ পর্যায়ে আরসিসি জাতের গরুকে শাহিওয়াল দিয়ে যাতে ক্রস করা না হয় তার উপর গুরুত্ব আরোপ করেন।

১১। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভুঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ উল্লেখ করেন যে, বেসরকারী বুল স্টেশন ব্যতীত বাণিজ্যিক খামারীদের ভ্রূণ আমদানী করা সমীচীন হবে না। সাভার, রাজশাহী এবং মহিষের

কৃত্রিম প্রজনন প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিসিএস লাইভষ্টক একাডেমীর অধিনে পরিচালিত হলে গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে। মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রমের রেকর্ড সংরক্ষণের জন্য এআই কর্মীদের উপযোগী এ্যাপ তৈরী করা আবশ্যক।

১২। সভাপতি, NTRC বলেন, কৃত্রিম প্রজনন কর্মীদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, সিলেবাস, প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান, মানদন্ড নির্ধারণ ইত্যাদি বিষয়ে একটি নীতিমালা থাকা প্রয়োজন। বুল স্টেশন নিবন্ধনের কনসেপ্ট পেপার/ প্রপোজাল নিবন্ধন প্রাপ্তির পূর্ব শর্ত যা প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অন্তর্ভূক্ত করতে হবে এবং প্রয়োজনে লিফলেট তৈরী করে মাঠ পর্যায়ে বিতরণ করা যেতে পারে। কৃত্রিম প্রজনন কার্যক্রম ব্যবসায়িক মডেলে পরিচালিত হয়ে আসছে যেখানে কর্মী, খামারী এবং উদ্দ্যোক্তার লাভজনক পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে একটি নির্দ্দিষ্ট এলাকা/ইউনিয়নে কর্মী নিয়োগের ক্ষেত্রে প্রজননক্ষম গাভীর সংখ্যা বিবেচনায় নেয়া জরুরী। আরডিএ এবং মিল্ক ভিটা উভয় প্রতিষ্ঠান যেহেতু সরকারী সেহেতু যে কোন বিষয় নিয়ে প্রাণিসম্পদ অধিদপ্তর/মন্ত্রণালয়ে সরাসরি মিটিং করা প্রয়োজন। বিগত কয়েকটি সভায় গৃহীত সকল সিদ্ধান্ত একত্র করে আবার বেসরকারী প্রতিষ্ঠানে প্রেরণ করা প্রয়োজন।

১৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১৩.১ | বেসরকারী পর্যায়ে গবাদি পশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা ২০১৬ এর ধারা ৩.২.১ অনুযায়ী সকল প্রতিষ্ঠানকে স্বেচ্ছাসেবী/ সেবাকর্মী প্রশিক্ষন পরিচালনার বিষয়ে সুপারিশ করা হয় । | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর,<br>পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর,<br>উপপরিচালক, কৃত্রিম প্রজনন ও সকল বেসরকারী সংস্থা |
| ১৩.২ | ১৩.২.১ বিগত কয়েকটি সভার গৃহীত সিদ্ধান্ত একত্র করে পুনরায় বেসরকারী প্রতিষ্ঠানে প্রেরণ করা।<br>১৩.২.২ ইজাব এলায়েন্স লিঃ এর ২১৮৬ টি কর্ম এলাকা সম্প্রসারণের আবেদনের প্রেক্ষিতে মাঠ পর্যায় হতে প্রাপ্ত মতামতের প্রেক্ষিতে পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর পর্যালোচনা করে তা সম্প্রসারণ না করার সুপারিশ।<br>১৩.২.৩ সকল বেসরকারী প্রতিষ্ঠানকে কর্ম এলাকার অনুমোদন ব্যতীত নতুন কর্মী প্রশিক্ষণ না করা। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর ,<br>পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর<br>উপপরিচালক, কৃত্রিম প্রজনন ও সকল বেসরকারী সংস্থা |
| ১৩.৩ | **<u>বুল স্টেশন নিবন্ধন/ নবায়ন সংক্রান্ত সুপারিশ ঃ</u>**<br>১৩.৩.১ ব্র্যাক বুল এন্ড বাক স্টেশন,শম্ভুগঞ্জ,ময়মনসিংহ এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়ন করার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.৩.২ ব্র্যাক বুল এন্ড ব্রিডিং স্টেশন,শেরপুর, বগুড়া নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়ন করার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১৩.৪ | **<u>বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ</u>**<br>১৩.৪.১ সেলিম ডেইরী ফার্ম, ভাংবাড়ী, মিলনবাজার, মাদারগঞ্জ, জামালপুর ভারত হতে পিওর ফ্রিজিয়ান জাতের ৩০টি ষাঁড় এবং ২৭০ টি গাভী আমদানির **অনুমতি না দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।**<br>১৩.৪.২ সাদিক এগ্রো লিঃ ৭ নং নবীনগর হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ব্রাজিল হতে ১১০ টি গীর জাতের এবং ১১০ টি হলেস্টাইন জাতের গরু আমদানির **অনুমতি না দেওয়ার সুপারিশ করা হয়।**<br>১৩.৪.৩ রংপুর পোল্ট্রি লিমিটেড প্যারাগন হাউজ, ৫, মহাখালী সি/এ, ঢাকা-১২১২, ইউএসএ হতে হলেস্টাইন ফ্রিজিয়ান জাতের ৫০০ টি ফ্রোজেন এমব্রায়ো আমদানির আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক পুনরায় সরেজমিন পরিদর্শন করে তাদের লক্ষ্য, উদ্দেশ্য ও দক্ষ জনবলের সম্পৃক্ততা সম্পর্কে নিশ্চিত হয়ে পরবর্তী সভায় উপস্থানের এবং প্রতিষ্ঠানের অংশ হতে পোল্ট্রি অংশটুকু বাদ দেয়ার অনুরোধ করার সুপারিশ গৃহীত হয়।<br>১৩.৪.৪ সাদিক এগ্রোলিঃ ৭ নংনবীনগর হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, আমেরিকা হতে ব্রাহামা জাতের ২০ টি গাভী, ১২ টি ষাঁড় রেড ব্রাহামা, ১০ টি গাভী ও ০৮ টি ষাঁড় গ্রে ব্রাহামা জাতের গরু **আমদানির অনুমতি না দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।**<br>১৩.৪.৫ থ্রি স্টার ফার্ম হাউজ, দাপাইদ্রাকপুর, ফতুল্লা, নারায়নগঞ্জ, আমেরিকা ও কানাডা হতে হলেস্টাইন ফ্রিজিয়ান জাতের ২০০০ ডোজ সিমেন আমদানির **অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।**<br>১৩.৪.৬ গ্লোবাল কনস্ট্রাকশন, ৭৪/সি মুজিব সড়ক, কোতয়ালী, যশোর, ইথিওপিয়া হতে ২০ টি উট আমদানির জন্য আবেদন করেছেন। আমদানির **অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।**<br>১৩.৪.৭ ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, উন্নত কৌলিক গুণসম্পন্ন ৪০০ ডোজ ১০০% হলেস্টাইন ফ্রিজিয়ান জাতের হিমায়িত ভ্রূণ (Frozen Embryo) কানাডার Semex কোম্পানী থেকে **আমদানির অনুমতি দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।**<br>১৩.৪.৮ ওশেনফ্রন্ট লিমিটেড, ঢালচর, মনপুরা, ভোলা, ভারত থেকে উন্নত জাতের ১৮০ টি মুররাহ মহিষ গাভী এবং ২০ টি মুররাহ মহিষ ষাঁড় আমদানির **অনুমতি দেওয়ার সুপারিশ করা হয়।**<br>১৩.৪.৯ পেরেন্টস লজিষ্টিক কর্পোরেশন, গ্রামঃ বেনাপোল, উপজেলাঃ বেনাপোল, জেলাঃ যশোর, দুবাই থেকে | মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | Fix up Crossbreed জাতের ২০ টি ভেঁড়া এবং বোয়ার গোট জাতের ৩০ টি ছাগল আমদানির অনুমতি না দেওয়ার সুপারিশ করা হয়।<br>১৩.৪.১০ ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজ, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ইউ.এস. এ হতে ১০০% হলষ্টেইন ফ্রিজিয়ান জাতের উচ্চ কৌলিক গুণসম্পন্ন প্রুভেন বুলের ২,০০০ মাত্রা সিমেন আমদানির অনুমতি দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।<br>১৩.৪.১১ কোয়ালিটি ফিড লিমিটেড, হাউজ: ১৪, রোড: ৭, সেক্টর: ৪ উত্তরা, ঢাকা, বিদেশ থেকে খাঁটি ব্র্যাঙ্গাস, শাহীওয়াল এবং ব্রাহামা জাতের মা-গাভী আমদানির অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।<br>১৩.৪.১২ এসিআই এনিমেল হেলথ্ এসিআই লিমিটেড, ইউএসএ (নর্থআমেরিকা) হতে ৫০০ পিস হলস্টিন ফ্রিজিয়ান ফার্টাইল এমব্রায়ো এবং ইন্ডিয়া থেকে ২০০ টি বিশুদ্ধ শাহিওয়াল ফার্টাইল এমব্রায়ো এবং ৫,০০০ পিস বিশুদ্ধ শাহিওয়াল সিমেন আমদানির অনুমতি দেওয়ার সুপারিশ করা হয়।<br>১৩.৪.১৩ মোহাম্মদ এগ্রো হায়দরাবাদ (আক্কাছ মার্কেট এর পূর্বপাশে), ৩৯ নংওয়ার্ড, গাজীপুর মহানগর, ব্রিডিং এর উদ্দেশ্যে ব্যবহারের জন্য(USA) থেকে BOVINE SEMEN 100% HOLSTEIN FRIESIAN ১৫০০ মাত্রা হিমায়িত বীজ আমদানির অনুমতি না দেওয়ার সুপারিশ করা হয়।<br>১৩.৪.১৪ আর.কে এগ্রো ফার্ম লিমিটেড ধনকুন্ডা, গোদনাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ-১৪৩২, ব্রিডিং এর উদ্দেশ্যে ব্যবহারের জন্য BOVINE SEMEN 100% HOLSTEIN FRIESIAN ১৫০০ মাত্রা হিমায়িত বীজ আমদানির অনুমতি না দেওয়ার সুপারিশ করা হয়। | |
| ১৩.৫ | <u>বিভিন্ন প্রতিষ্টানের ব্রিডিং বুল প্রত্যয়ন</u><br>১৩.৫.১ ব্র্যাক ময়মনসিংহ এর প্রত্যায়নের আবেদনকৃত ০৩ (তিন) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ০৩ (তিন) টি ষাঁড়ই বাতিল করার সুপারিশ করা হয়।<br>১৩.৫.২ ব্র্যাক বগুড়া এর উপস্থাপিত ০৮(আট) টি ট্রায়াল ষাঁড় হতে ৪(চার)টি 21-326 -10- 20, 22-342 -07- 20, 21-337 -01- 21 ও 21-339 -02- 21 প্রত্যয়ন করার সুপারিশ করা হয় এবং বাকী ৪(চার)টি প্রজনন ষাঁড় (আইডি নং-21-327 -12- 20, 22-346 -10- 20, 22-341 -10- 20 ও 22-344 -10- 20) বাতিল করার সুপারিশ করা হয়।<br>১৩.৫.৩ এসিআই এনিম্যাল জেনেটিক্স এর উপস্থাপিত ৩০ (ত্রিশ) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ০৭ (সাত) টি প্রজনন ষাঁড়ের (বুল আইডি নম্বর-১২৮, ১২৯, ১৩০, ১৩৩, ১৩৪, ১৪১ ও ১৪৫)সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য উপযোগী হিসেবে উল্লেখিত তথ্য মোতাবেক প্রত্যায়নের সুপারিশ করা হলো এবং বুলের উৎস, মাতার দুগ্ধ উৎপাদন ইত্যাদি কারণে ২৩ (তেইশ)টি বুল বাতিলের সুপারিশ করা হলো ( বুল আইডি নম্বর-১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১৩১, ১৩২, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৬, ১৪৭, ১৪৮ ও ১৪৯) ।<br>১৩.৫.৪ বুল স্টেশনে রক্ষিত প্রতিটি বুলের কানের টাট্টু এবং ট্যাগ ব্যবহারের ব্যবস্থা করতে হবে। | বেসরকারী সংস্থা, পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১৩.৬ | বাংলাদেশের নিজস্ব জাত হিসেবে আরসিসিকে স্বীকৃতি দেয়ার অসমাপ্ত প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা | প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ১৩.৭ | ঠাকুরগাঁও ডেইরী লিঃ এর নিবন্ধনের আবেদন এবং সজাগ এর নিবন্ধন নবায়নের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপকমিটি পরিদর্শন করে প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবে। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১৩.৮ | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্তসমূহ অধিকতর আন্তরিকতার সাথে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |
| ১৩.৯ | বীজ প্রত্যায়ন এজেন্সী এর মতো জাত/ ব্রীড প্রত্যায়নের ক্ষেত্রে একটি শাখা / কমিটি গঠন করা যায় কি না সে বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয় । | কৃত্রিম প্রজনন, জাত উন্নয়ন এবং নতুন জাত/উপজাত রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতিমালা, আইন, বিধি বিধান প্রণয়ন/ সংশোধন উপকমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এ.টি.এম মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
সভাপতি, NTRC।